খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি
ঠিকরাবন্দ, খুলনা

দুরালাপনী
অফিস/বাসা : ০৪১-৭২১৯৯১
অভিযোগকেন্দ্র : ০৪১-৭১৩৮৯৯(১০১-১১৬)
ফ্যাক্স : +৮৮০৪১-৭২১৯৯১
ই-মেইল : khulnapbs@yahoo.com

স্মারক নং-২৭.১২.৪৭১২.৫৩৩.০১.০২১.১৮. ২৪৪৪

তারিখঃ- ০৫/পৌষ/১৪২৫ বঙ্গাঃ
১৯/ডিসেম্বর/২০১৮ খ্রিঃ

বিষয়ঃ- পাইকগাছা জোনাল অফিসের আওতায় পাইকগাছা ৩৩/১১ কেভি বৈদ্যুতিক উপকেন্দ্রে একটি ট্রান্সফরমার প্যাড তৈরী করার জন্য রিকুয়েষ্ট ফর কোটেশন (RFQ) আহবান প্রসঙ্গে।

নিম্নবর্নিত স্পেসিফিকেশন ও বিবরণ অনুযায়ী "পাইকগাছা জোনাল অফিসের আওতায় পাইকগাছা ৩৩/১১ কেভি বৈদ্যুতিক উপকেন্দ্রে একটি ট্রান্সফরমার প্যাড তৈরী" করার জন্য খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক পবিস এর নিজস্ব তহবিলের আওতায় বাংলাদেশী প্রকৃত সরবরাহকারী/উৎপাদনকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে রিকুয়েষ্ট ফর কোটেশন (RFQ) আহবান করা যাচ্ছে।

| দরপত্র নং | বিবরণ/ স্পেশিফিকেশন | মালামালের পরিমাণ | উদ্ধৃত মূল্য | |
|---|---|---|---|---|
| | | | একক মূল্য | মোট মূল্য |
| ৩৩/২০১৮-২০১৯ | অত্র পবিসের পাইকগাছা ৩৩/১১ কেভি উপকেন্দ্রে ট্রান্সফরমার প্যাড 12′-0″x10′-0″x1′6″=180 (CFT)। প্যাড মাটির নিচের ০৯ ইঞ্চি থাকবে এবং মাটির উপরে ০৯ ইঞ্চি থাকবে। রডের জালি ০২ স্তর বিশিষ্ট হবে একটি রড থেকে আর একটি রডের গ্যাপ হবে ০৯ ইঞ্চি এবং নিচের জালি থেকে উপরের জালির মাঝ ১ ফুট গ্যাপ থাকবে। নিচের জালি এবং উপরের জালির মাঝে ৪২ ইঞ্চি দৈর্ঘ্যের ০৯ টি পায়া আকৃতির রডের উপরে থাকবে। রডের ব্যাস হবে ১২ মিঃ মিঃ। প্যাডের নিচে ১৩ ফুট X ১১ ফুট সাইজের ১ স্তর বিশিষ্ট ইটের সোলিং থাকবে। (দেখানো নমুনামোতাবেক) | **12′-0″x10′-0″x1′-6″=180 (CFT),** সাইজের পাওয়ার ট্রান্সফরমারের প্যাড নির্মান | | |
| | সর্বমোট = | | | |

কথায়ঃ-

০১॥ রিকুয়েষ্ট ফর কোটেশন (RFQ) জমা দেয়ার তারিখ ও সর্বশেষ সময়ঃ- ২৬/১২/২০১৮ তারিখ, দুপুর ১২:০০ ঘটিকা।

০২॥ (RFQ) জমা দেয়ার স্থান : পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পশ্চিমাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা ও খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি, ঠিকরাবন্দ, খুলনা।

০৩॥ (RFQ) খোলার তারিখ, সময় ও স্থান : ২৬/১২/২০১৮ তারিখ, দুপুর ১২:৩০ ঘটিকা, পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পশ্চিমাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা ও খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি, ঠিকরাবন্দ, খুলনা।

শর্তাবলীঃ-

০১॥ উপরে বর্ণিত সময়সীমার মধ্যে যে কোন দিন (সরকারী ছুটি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) অফিস সময়ে ব্যক্তিগত ভাবে/ ডাকযোগে/কুরিয়ার যোগে উপরোক্ত দপ্তরে রক্ষিত টেন্ডার বাক্সে দরপত্র দাখিল করতে পারবেন। নির্ধারিত সময়ের পর কোন দরপত্র গ্রহন করা হবে না। দাখিলকৃত দরপত্র সমূহ বর্ণিত সময় সূচী অনুযায়ী দরপত্র দাখিলকৃত স্থানে দর দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

০২॥ দরপত্রের বিপরীতে প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে, খামে সীল গালা ব্যবহার পূর্বক দর দাখিল করতে হবে। দরপত্রের সাথে বৈধ ট্রেড লাইসেন্স, আয়কর সনাক্তকরণ নম্বর (TIN), ব্যাংক সলভেন্সী সনদ, ভ্যাট নিবন্ধন নম্বর ও অভিজ্ঞতা সনদ (যদি থাকে) এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।

০৩॥ খামের উপর "পাইকগাছা জোনাল অফিসের আওতায় পাইকগাছা ৩৩/১১ কেভি বৈদ্যুতিক উপকেন্দ্রে একটি ট্রান্সফরমার প্যাড তৈরী" কথাটি স্পষ্টাকারে লিখতে হবে এবং ২৬/১২/২০১৮ ইং তারিখ ১২:৩০ ঘটিকার পূর্বে খোলা যাবেনা মর্মে লিখতে হবে। অসম্পূর্ন দরপত্র বাতিল বলে গন্য হবে।

০৪॥ দরপত্রে উদ্ধৃত একক দর এবং মোট দর স্পষ্টাক্ষরে লিখতে হবে। দরপত্রে কোন প্রকার কাটাকাটি /ওভার রাইটিং/ ফ্লুইড ব্যবহার গ্রহনযোগ্য হবে না। দরপত্র সঠিক ভাবে পূরণ করতঃ প্রতিষ্ঠানের মালিক অথবা ক্ষমতা প্রাপ্ত প্রতিনিধিকে দরপত্রে স্বাক্ষর করতে হবে।

০৫॥ দরপত্রে একক দর ও মোট উদ্ধৃত দরের মধ্যে কোন গাণিতিক ভুল থাকলে সর্ব ক্ষেত্রে একক দর গ্রহনযোগ্য দর হিসাবে বিবেচনা করা হবে।

০৬॥ দরপত্র সম্পর্কে কাহারও কোন জিজ্ঞাসা থাকলে/ব্যাখ্যার প্রয়োজন জলে উহা দরপত্র দাখিলের নির্ধারিত সময়ের কমপক্ষে ০৩(তিন) দিন পূর্বে উপরোক্ত ঠিকানায় লিখিতভাবে অনুরোধ জানাতে হবে।

F:\Shahina\100.21.docx

০৭॥ কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক ১৫ (পনের) দিনের মধ্যে নিজ দায়িত্বে ও নিজ খরচে পবিসের আওতাধীন পাইকগাছা জোনাল অফিসের আওতায় পাইকগাছা ৩৩/১১ কেভি বৈদ্যুতিক উপকেন্দ্রে একটি ট্রান্সফরমার প্যাড তৈরী কাজ সম্পন্ন করতে হবে।

০৮॥ অত্র পবিসের নূন্যতম ০১ জন প্রতিনিধির উপস্থিতিতে কাজ সম্পাদন করতে হবে।

০৯॥ ঢালাই কাজে খোয়া, বালু, সিমেন্ট এর পরিমান ০৪:০২:০১ হতে হবে। এবং রড বাঁধাই হবে ৬" পর পর ।

১০॥ প্যাডের বেজমেন্টে ০১টি ও উপরে ০১টি (টপ হতে ৯" নীচে) সর্বমোট ০২টি নেট দিতে হবে।

১১॥ পবিসের সদর দপ্তরস্থ উপকেন্দ্রের প্যাডের নমুনা মোতাবেক প্যাড প্রস্তুত করতে হবে (মালামালের গুনগত মান ঠিক রাখতে হবে)।

১২॥ সর্বনিম্ন ও সর্বোতভাবে রেসপনসিভ দরদাতা প্রতিষ্ঠানকে পাইকগাছা জোনাল অফিসের আওতায় পাইকগাছা ৩৩/১১ কেভি বৈদ্যুতিক উপকেন্দ্রে একটি ট্রান্সফরমার প্যাড তৈরীর জন্য কার্যাদেশ প্রদান করা হবে। কার্যাদেশপ্রাপ্ত প্রতিষ্ঠান কার্য সম্পাদনের পরে পবিসের একজন কর্মকর্তার উপস্থিতিতে কাজটি গুনগত মান সন্তোষজনক হওয়া সাপেক্ষে কাজটি সমাধান হয়েছে মর্মে গ্রহন করা হবে।

১৩॥ বিল পরিশোধের সময় সরকারী নিয়মানুযায়ী ভ্যাট/আয়কর কর্তন করা হবে।

১৪॥ দরপত্রে উল্লেখ নাই এমন কোন বিষয়ে সমস্যা উদ্ভব হলে খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে বিবেচিত হবে।

১৫॥ কোন প্রকার কারন দর্শনো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহন বা বাতিল করার ক্ষমতা অত্র পবিস কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

(হাওলাদার মোঃ ফজলুর রহমান)
জেনারেল ম্যানেজার (অঃ দাঃ)

অনুলিপিঃ- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১॥ পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পশ্চিমাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো,ঢাকা (নোটিশ বোর্ডে প্রচারের জন্য অনুরোধ করা হলো)
০২॥ জেলা প্রশাসক, খুলনা।
০৩॥ পুলিশ সুপার,খুলনা।
০৪॥ সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার ..........................পবিস-১/২/৩/৪
০৫॥ নির্বাহী প্রকৌশলী, প্রকল্প বিভাগ, বাপবিবো,খুলনা ।
০৬॥ ডিজিএম- (সদর-কারিগরী)/পাইকগাছা/সেনেরবাজার/ডুমুরিয়া জোনাল অফিস, খুলনা পবিস।
(০২-০৬: নোটিশ বোর্ডে প্রচারের জন্য অনুরোধ করা হলো।)
০৭॥ এজিএম (অর্থ), খুলনা পবিস।
০৮॥ জুনিয়র ইঞ্জিনিয়ার/সহকারী জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি), খুলনা পবিস ( ওয়েব সাইটে প্রকাশের জন্য নির্দেশ প্রদান করা হলো)
০৯॥ মেসার্স---------------------------------------------------।
১০॥ নোটিশ বোর্ড, সদর দপ্তর, খুলনা পবিস।
১১॥ অফিস/মাষ্টার কপি ।

জেনারেল ম্যানেজার (অঃ দাঃ)
খুলনা পবিস।